


# শ্রেষ্ঠত্ব ও উৎকর্ষের পরিষেবায় কর্ডলাইফ

রক্তের বন্ধন



আমবিলিকাল কর্ডব্লাড শিশু জন্মাবার পর পরই সংগ্রহ করা হয় যে রক্তে স্টেম সেল প্রচুর মাত্রায় থাকে। এই স্টেম সেল পরবর্তীকালে সেই পরিবারের কোন জটিলতর মারন রোগ যেমন লিউকোমিয়া, থ্যালাসেমিয়া, ডায়াবেটিস, নিউরোলজিকাল ডিজঅর্ডারস, ব্লাড রিলেটেড ডিসঅর্ডার ইত্যাদির চিকিৎসায় প্রয়োজন হয়। তাই এই আমবিলিকাল স্টেম সেল সারা পৃথিবীতে যত্নসহকারে সংরক্ষণ করা হয়।

এশিয়ার বৃহত্তম স্টেম সেল ব্যাঙ্ক

হল কর্ড ব্লাড এই সংস্থা মানুষের সুবিধার্থে স্টেম সেল সংরক্ষণের কোয়ালিটি গ্যারান্টির নানা কর্মসূচী নিয়ে এল। এই কর্মসূচীতে প্রত্যেকটি পরিবারকে (যাঁরা ঐ সংস্থায় স্টেম সেল সংগ্রহ করেছেন) তাঁদের গচ্ছিত প্রানধারণসক্ষম স্টেম সেলকে চুক্তির পুরোসময় পর্যন্ত সুসংরক্ষিত রাখার ওয়ারান্টি দেওয়া হবে। কোন কারনে কোন পরিবারের গচ্ছিত রাখা স্টেম সেল তার কার্যক্ষমতা হারিয়ে নষ্ট হয়ে গেলে কর্ডলাইফ সংস্থা তার সবরকম ক্ষতিপূরণ ও যথোপযুক্ত পুনঃস্থাপনের ব্যয়ভার বহন করবে।

এই সংস্থার জেনারেল ম্যানেজার সাইমন হু জানিয়েছেন যে তাঁদের কর্মসূচীগুলি আইএসও নথীভুক্ত। তিনি মনে করেন সংস্থা প্রদত্ত এই পরিষেবা আরও পরিবারকে আমবিলিকাল স্টেম সেল সংরক্ষণের ব্যাপারে উৎসাহ প্রদান করবে। কর্ডলাইফ-এর লক্ষ হল ঐ প্রানদায়ী স্টেম সেলকে সুরক্ষিত রাখা ও প্রয়োজনে তা পরিবারের হাতে তুলে দেওয়া।

শুধুমাত্র শ্রেষ্ঠত্ব ও উৎকর্ষের মাত্রা ঠিক রাখাই নয়, যদি কোন খরিদারের (যিনি কর্ডলাইফ স্টেম সেল ব্যাঙ্কিং করেছেন) স্টেম সেল ট্রান্সপ্লান্টের প্রয়োজন পড়ে কর্ডলাইফ সংস্থা সেই পরিবারকে ট্রান্সপ্লান্ট ফিজিশিয়ান, ট্রান্সপ্লান্ট সেন্টারের ঠিকানা, ট্রান্সপোটেশন সম্বন্ধিয় যুক্তিসংগত সহযোগীতা করবে। এমনকি স্টেম সেল ট্রান্সপ্লান্টের জন্য রোগীর প্রয়োজনে পৃথিবীর যেকোন স্থানে বিনা খরচে পৌঁছে দেবে।